

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়
জন্ম ও মৃত্যু নিবন্ধন বিভাগ
পরিবহন পুল ভবন (৯ম তলা), সচিবালয় লিংক রোড, ঢাকা-১০০০

জন্ম নিবন্ধন আবেদন বিষয়ে প্রয়োজনীয় কাগজ ও বিষয়াদির বিবরণ

বয়স ০ হতে ৪৫ দিন হলে

- ১। ইপি.আই (টিকার) কার্ড
- ২। পিতা-মাতার অনলাইন জন্মনিবন্ধন সহ জাতীয় পরিচয় পত্র কার্ড লাগবে।
- ৩। বাসার হোল্ডিং নাম্বার এবং পৌর ট্যাক্স এর রশিদ হাল সন লাগবে।
- ৪। আবেদনকারী/অভিভাবকের মোবাইল নম্বর।

৪৬দিন হতে ৫ বছর হলে

- ১। ইপি.আই (টিকার) কার্ড/ স্বাস্থ্য কর্মীর প্রত্যয়ন পত্র স্বাক্ষর ও সীল সহ প্যাডে দিতে হবে।
- ২। পিতা-মাতার অনলাইন জন্মনিবন্ধন সহ জাতীয় পরিচয় পত্র কার্ড লাগবে।
- ৩। প্রয়োজন ক্ষেত্রে স্কুল প্রধান শিক্ষকের প্রত্যয়ন সহ বিদ্যালয়ের প্রত্যয়নের প্রয়োজনীয় ডকুমেন্ট লাগবে।
- ৪। বাসার হোল্ডিং নাম্বার এবং পৌর ট্যাক্স এর রশিদ হাল সন লাগবে।
- ৫। আবেদনকারী/অভিভাবকের মোবাইল নম্বর।
- ৬। ফরম এর সাথে ০১ কপি রজিন পাসপোর্ট সাইজের ছবি লাগবে।

বয়স ৫ বছরের অধিক হলে

- ১। শিক্ষাগত যোগ্যতার সনদপত্র (পি.এস. সি/জে.এস.সি/এস.এস.সি) শিক্ষাগত যোগ্যতার সনদপত্র না থাকলে সরকারি হাসপাতালের এমবিবিএস ডাক্তারের নিজেস্ব প্যাডে স্বাক্ষর ও সীল সহ প্রত্যয়ন সনদ এবং জন্ম নিবন্ধন ফরমের ০৭ (সাত) এর ১ নং কলামের স্বাক্ষর ও সীল বাধ্যতামূলক।
- ২। উল্লেখ্য যে, যাদের জন্ম ০১/০১/২০০১ এর পর সে ক্ষেত্রে পিতা মাতার অনলাইন জন্ম নিবন্ধন সহ জাতীয় পরিচয় পত্র বাধ্যতামূলক।
- ৩। উল্লেখ্য যে, যাদের জন্ম ০১/০১/২০০১ পূর্বে/আগে সে ক্ষেত্রে জাতীয় পরিচয় পত্র বাধ্যতামূলক।
- ৪। যদি জন্ম ০১/০১/২০০১ এর পূর্বে/আগে হয় সে ক্ষেত্রে পিতা-মাতা মৃত হলে মৃত্যু সনদ বাধ্যতামূলক।
- ৫। উল্লেখ্য যে, যাদের জন্ম ০১/০১/২০০১ এর পর তাদের পিতা-মাতা মৃত হলে প্রথমে অনলাইন জন্ম নিবন্ধন গ্রহণ করার পর অনলাইন মৃত্যু নিবন্ধন সনদ গ্রহণ উভয় সনদ আবেদন পত্রে সহিত দাখিল করতে হবে।
- ৬। বাসার হোল্ডিং নাম্বার এবং পৌর ট্যাক্স এর রশিদ হাল সন লাগবে।
- ৭। আবেদনকারী/অভিভাবকের মোবাইল নম্বর।
- ৮। ফরম এর সাথে ০১ কপি রজিন পাসপোর্ট সাইজের ছবি লাগবে।
- ৯। আবেদনের সাথে সংযুক্ত ডকুমেন্ট পত্র সরকারি বিদ্যালয়ের প্রধান শিক্ষক/ কাউন্সিলর কর্তৃক স্বাক্ষর সহ সীল বাধ্যতামূলক।
- ১০। আবেদন এর সাথে সংযুক্ত ডকুমেন্ট আবেদন জমা দেওয়ার সময় মূল কপি প্রদর্শন করতে হবে।

আদেশক্রমে
রেজিস্ট্রার জেনারেল
জন্ম-মৃত্যু নিবন্ধন কার্যালয়, ঢাকা